

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে শেষ হয়েছে তিন দিনব্যাপী দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন জিনোমিক, ন্যানোটেক এবং বায়োইঞ্জিনিয়ারিং-২০২২ (আইসিজিএনবি-২০২২)। আজ মঙ্গলবার বিকেলে ইউনিভার্সিটির রিসিপশন হলে সম্মেলনের সমাপনী অনুষ্ঠান হয়।

এতে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক ও ইমেরিটাস অধ্যাপক ডা. এ বি এম আব্দুল্লাহ। অনুষ্ঠানে পোস্টার উপস্থাপন পর্বে আকর্ষণীয় বিষয়গুলো স্বীকৃত করা হয় এবং সেরা উপস্থাপনাগুলোকে পুরস্কার দেওয়া হয়। পরে সবাইকে ধন্যবাদ জানিয়ে সম্মেলনের সমাপ্তি ঘোষণা করেন স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেসের ডিন এবং আইসিজিএনবি-২০২২-এর অর্গানাইজিং কমিটির চেয়ার অধ্যাপক ড. হাসান মাহমুদ রেজা।

গত রোববার সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়া ডিজিজ রিসার্চ, বাংলাদেশ সিনিয়র বিজ্ঞানী ড. ফিরদৌসী কাদরী বর্তমান সংক্রামক রোগের বিরুদ্ধে লড়াইয়ের উপায় হিসেবে আধুনিক সময়ে ভ্যাকসিনের বিকাশ এবং এর গবেষণার প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

প্লেনারি স্পিকার হিসেবে কলেজ পার্কের মেরিল্যান্ড বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের জন হপকিন্স ইউনিভার্সিটির ব্রুমবার্গ স্কুল অব পাবলিক হেলথের অধ্যাপক ড. রিটা আর কলওয়েল জনস্বাস্থ্য সংকট সম্পর্কে কথা বলেন।

আইসিজিএনবির দ্বিতীয় দিনে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ দেশের স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠানগুলো থেকে প্রতিযোগীরা অংশ নেন। বিভিন্ন সেশনে বক্তব্য দেন জাপানের নারা ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির অধ্যাপক ড. মাসাশি কাওয়াইচি ও ড. ফিরদৌসী কাদরী। সমাপনী দিনে আরও বক্তব্য দেন কিং সৌদ ইউনিভার্সিটির ড. মহসিন কাজী, কিং সৌদ ইউনিভার্সিটির ড. নাসের বি আলসালেহ ও এনএসইউর ডা. মো. ফিরোজ খান।

২০১৭ সালে প্রথমবারের মতো অনুষ্ঠিত হয় আইসিজিএনবি। এরই ধারাবাহিকতায় দ্বিতীয় আইসিজিএনবির আয়োজন করা হয়।